

নং- ৪৬.০০.৫০০০.০৪২.১৪.১০৮.১৭. ১৬৬

তারিখঃ ২৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে কুষ্টিয়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ কুষ্টিয়া জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপ/কুষ/১৭/৫৫৮, তারিখঃ ২৩/১১/২০১৭।


২০১৭-২০১৮ অর্থ বছরে কুষ্টিয়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৬৯,৪৬,০০০/- (এক কোটি উনসত্তর লক্ষ ছিচল্লিশ হাজার) টাকায় গৃহীত ৩৮টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ২২ এ বর্ণিত প্রকল্পটি ব্যতীত ১,৬৩,৪৬,০০০/- (এক কোটি ত্রিশটি লক্ষ ছিচল্লিশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৩৭টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, কুষ্টিয়া কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ কুষ্টিয়া এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২২ এ বর্ণিত প্রকল্পটি কুষ্টিয়া জেলার দরিদ্র জনগণের আর্থিক স্বচ্ছলতার জন্য ছাগল বিতরণ সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(আনজুমান আরা)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, কুষ্টিয়া।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।